মেহেরপুরে কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা

মেহেরপুরে জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীদের কৃতী সংবর্ধনা প্রদান করেছে শিখোর পৃষ্ঠপোষকতায় প্রথম আলোর উদ্যোগে। আজ বেলা সাড়ে ১১ টার দিকে শহরের পৌর কমিউনিটি সেন্টারে জেলার ৩শ ৮৮ জন শিক্ষার্থীকে এ সংবর্ধণা প্রদান করা হয়।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন প্রথম আলো বন্ধুসভার সভাপতি মেহেরপুর সরকারি কলেজের সহযোগী অধ্যাপক আব্দুল্লা আল আমিন। স্বাগত বক্তব্য রাখে প্রথম আলো জেলা প্রতিনিধি আবু সাঈদ। বিশিষ্টজন হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ শফিউল ইসলাম সর্দার, মেহেরপুর সরকারী মহীলা কলেজের অধ্যক্ষ রফিকুল ইসলাম, কুষ্টিয়া জেলার প্রথম আলোর নিজস্ব প্রতিনিধি তৌহিদী হাসান।

স্বাগত বক্তব্য প্রথম আলোর প্রতিনিধি আবু সাঈদ বলেন, একটি উন্নত রাষ্ট্র ব্যবস্থা, গণতান্ত্রিক সমাজ ব্যবস্থা, বৈশম্যহীন পরিবেশ তৈরিতে আমরা এই সংবর্ধনা অনুষ্ঠান থেকে অঙ্গিকারবদ্ধ হবো। আগামী বাংলাদেশ আমাদের তৈরি করতে হবে। দেশের প্রতিটি নাগরিকের মৌলিক অধিকার নিশ্চিত করতে হবে। মানুষে মানুষে বিভেদ ভুলে মানবিক বাংলাদেশ গড়ে তুলতে হবে। কৃতী শিক্ষার্থীদের প্রতি আমাদের অনুরোধ নিজের পরিবার পরিজনদের সঙ্গে সু সম্পর্ক রাখতে হবে। নিেজেদেরকে উন্নত মানুষ হিসাবে গড়ে তুলতে হবে।

মেহেরপুর সরকারি কলেজের অধ্যাক্ষ সফিউল ইসলাম সর্দার বলেন, এখনি সময় নিজেদের তৈরি করার। এসএসসি পাশ করার পরে শিক্ষার্থীদের আরো মনোযোগ দিতে হবে পড়াশোনায়। প্রথম আলো প্রতি বছরে কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা দেওয়ার মাধ্যমে অনুপ্রাণিত করে চলেছে তা অবশ্যায় সমাজে গুরুত্ব রাখছে। কৃতীদের আগামী পথচলাতে আগ্রহ তৈরি হচ্ছে। এই ধারা অব্যাহত থাকুক আমাদের দাবি রইলো।

প্রথম আলোর নিজস্ব প্রতিনিধি তৌহিদী হাসান বলেন, বর্তমান সময় মাদকের ভয়াবহতা দিনে দিনে বৃদ্ধি পাচ্ছে। কৃতী শিক্ষার্থীদের প্রতি বিশেষ আবেদন রইবে অবশ্যায় মাদককে না বলতে হবে। একটি মাদকমুক্ত সমাজ গড়তে পারলে সমাজ থেকে সন্ত্রাস, হানাহানি, খুন

খারাবি অনেকাংশে কমে আসবে। বাসযোগ্য একটি সমাজ ব্যবস্থা গড়ে তুলতে মাদক প্রতিরোধ ব্যবস্থার বিষয়ে আমাদের সকলকে নিজের অবস্থান থেকে প্রতিরোধ গড়ে তুলতে হবে।

প্রথম আলোর মেহেরপুর সভাপতি ও সরকারি কলেজের সহযোগী অধ্যাপক আব্দুল্লাহ আল আমিন বলেন, প্রতিটি শিক্ষার্থী হলো এক একটি আলোকবর্তিকা। সমাজে অন্ধকার দুর করতে কৃতী শিক্ষার্থীরা নিজেদের অবস্থান থেকে আলো ছড়াবো। উন্নত, মাননিক, সৎ., ন্যায় নির্ভিক মানুষ হিসাবে নিজেদের গড়ে তুলতে হবে। তবেই আমরা একটি সুন্দর দেশ তৈরি করতে পারবো। আজকের অনুষ্ঠানের প্রানই হচ্ছে কৃতী শিক্ষার্থীরা।

সংবর্ধনা অনুষ্ঠানে শিক্ষার্থীদের মাদককে না বলার শপথবাক্য পাঠ করা হয়। সংবর্ধনা পেয়ে খুশি কৃতী শিক্ষার্থীরা। পরে নৃত্য পরিবেশন করে বন্ধুসভার উপদেষ্টা সাব্বির হোসেন সোহাগের দল। সঙ্গীত পরিবশেন করে রেইনফল নামের একটি ব্যান্ড দল। অনুষ্ঠানটির মিডিয়া পার্টনার ছিলো এটিএন বাংলা। সহযোগীতায় রয়েছে ফ্রেশ ও প্রথমআলো বন্ধুসভা।

গাংনীতে নারীসহ দুই মাদক পাচারকারী আটক

র্যাবের অভিযানে ফেনসিডিলসহ দুই মাদক কারবারীকে আটক করেছে সিপিসি র্যাব-১২ এর মেহেরপুরের সদস্যরা।গতকাল শুক্রবার (০৬ অক্টোবর) বিকেল পৌনে ৫ টার দিকে মেহেরপুর জেলার গাংনী থানাধীন নওদাপাড়া এবং কুষ্টিয়া জেলার মিরপুর থানাধীন আশাননগর এলাকায় মাদক বিরোধী পৃথক অভিযান পরিচালনা করে ১৫০ বোতল ভারতীয় ফেন্সিডিলসহ তাদেরকে আটক করা হয়।

আটককৃতরা হলো-মেহেরপুরের গাংনী উপজেলার নওদাপাড়া গ্রামের চাঁন মোহাম্মদের ছেলে মোজাম আলী (৫৪) এবং কুষ্টিয়ার মিরপুর উপজেলার আসাননগর গ্রামের সুমন মালিথার স্ত্রী আছিয়া বেগম (৩১)।

সহকারী পুলিশ সুপার কোম্পানী কমান্ডার মোঃ মনিরুজ্জামান সিপিসি-৩, মেহেরপুর, র্যাব-১২ শনিবার (০৭ অক্টোবর) দুপুর ১২ টার দিকে এক প্রেস বিজ্ঞপ্তি মারফত এ তথ্য নিশ্চিত করেছেন।

সিপিসি র্যাব-১২ মেহেরপুর সূত্রে জানা গেছে, র্যাবের একটি টহল দল গোপন সংবাদের ভিত্তিতে গতকাল শুক্রবার (০৬ অক্টোবর) বিকেল পৌনে ৫ টার দিকে মেহেরপুর জেলার গাংনী থানাধীন নওদাপাড়া সাকিনস্থ আসামী মোজাম আলীর পিতার বিল্ডিংয়ের পশ্চিম দিকে বসত ঘরের সামনের কক্ষ থেকে ৫৫ বোতল এবং কুষ্টিয়া জেলার মিরপুর থানাধীন আশাননগর এলাকায় মাদক বিরোধী পৃথক অভিযান পরিচালনা করে ৯৫ বোতলসহ মোট ১৫০ বোতল ভারতীয় ফেন্সিডিল উদ্ধার করেন।

আটককৃতদের বিরুদ্ধে আইনানুগ পদক্ষেপ গ্রহণের নিমিত্তে মেহেরপুরের গাংনী থানা ও কুষ্টিয়ার মিরপুর থানায় পৃথক মামলাসহ পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

প্রাথমিক জিজ্ঞাসাবাদে ওই মাদক কারবারী দীর্ঘদিন যাবৎ আইন প্রয়োগকারী সংস্থার চোখ ফাঁকি দিয়ে মেহেরপুর ও কুষ্টিয়া জেলার বিভিন্ন এলাকায় অবৈধ নেশাজাতীয় মাদকদ্রব্য বিভিন্ন মাদকসেবীর নিকট ক্রয় বিক্রয় করে আসছিল বলেও জানান র্যাবের ওই কর্মকর্ত।

মেহেরপুরে জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস উদযাপিত

“জন্ম ও মৃত্যু নিবন্ধন করি, নাগরিক অধিকার নিশ্চিত করি” প্রতিপাদ্যে সারা দেশের ন্যায় মেহেরপুরে র্যালি ও আলোচনা সভার মধ্য দিয়ে জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস উদযাপন করা হয়েছে।

আজ শুক্রবার (৬ অক্টোবর) সকাল ১০ টায় জেলা শিল্পকলা একাডেমী থেকে স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক শামীম হোসেনের নেতৃত্বে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালিটি প্রধান সড়ক প্রদক্ষিণ করে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে যেয়ে শেষ হয়।



র্যালি শেষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মোঃ শামীম হোসেনের সভাপতিত্বে অতিরিক্ত পুলিশ সুপার আব্দুল কাদির, মেহেরপুর জেনারেল হাসপাপতালের তত্বাবধায়র ডা. জমির মোহাম্মদ হাসিবুর সাত্তার, সদর উপজেলা চেয়ারম্যান এ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, মেহেরপুর পৌরসভার কাউন্সিলর আল মামুন, পিরোজপুর ইউপি চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস সহ সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নের চেয়ারম্যান, ইউপি সদস্য ও ইউনিয়ন পরিষদের কর্মচারীরা আলোচনা সভায় অংশ নেন।

মেহেরপুরে সিপিবির কর্মী সভা অনুষ্ঠিত

বাংলাদেশ কমিউনিস্ট পার্টি (সিপিবি) মেহেরপুর জেলা শাখার কর্মী সভা অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার (৬ অক্টোবর) সকাল ১১ টায় মেহেরপুর পৌর এলাকার পুরাতন বাসষ্ট্যান্ড পাড়ায় এই কর্মী সভা অনুষ্ঠিত হয়।

সভায় প্রধান অতিথির বক্তব্যে বাংলাদেশ কমিউনিস্ট পার্টি (সিপিবি)’র কেন্দ্রীয় কমিটির সদস্য কমরেড ডাঃ সাজেদুল হক রুবেল নির্দলীয় নিরেপক্ষ তত্ত্বাবধায়ক সরকারের অধীনে নির্বাচন এবং ভোট ও ভাতের অধিকারের জন্য আন্দোলন সংগ্রামের কর্মসূচি চালিয়ে জণগণকে সাথে নিয়ে বিকল্প বাম শক্তি গড়ে তুলে আন্দোলন-সংগ্রাম

জোরদার করার অভিপ্রায় ব্যক্ত করেন। এবং সেই সাথে শোষকদের বিরুদ্ধে শক্ত হাতে আন্দোলনের মাধ্যমে দাবী আদায় করার লক্ষে শ্রমিক-কৃষকদের সচেতন থাকতে বলেন।

বাংলাদেশ কমিউনিস্ট পার্টি (সিপিবি) মেহেরপুর জেলা শাখার সভাপতির অনুপস্থিতিতে কর্মী সভায় সভাপতিত্ব করেন কমরেড শহিদুল ইসলাম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কমিউনিস্ট পার্টি (সিপিবি)’র কেন্দ্রীয় কমিটির সদস্য কমরেড ডাঃ সাজেদুল হক রুবেল এবং বিশেষ অতিথি ছিলেন কেন্দ্রীয় কমিটির সদস্য কমরেড ইদ্রিস আলী।

এসময় সিপিবি’র মেহেরপুর জেলা শাখার সাধারণ সম্পাদক কমরেড শহিদুল ইসলাম কাননের সঞ্চালনায় কর্মী সভায় বক্তব্য রাখেন কমরেড অ্যাডভোকেট মিজানুর রহমান, কমরেড মুসা করিম, কমরেড মাহমুদুল হক, কমরেড রফিকুল ইসলাম, কমরেড আহসান হাবীব, কমরেড আব্দুল হাকিম, কমরেড গোলাম মোস্তফা, উষা, রাজনসহ জেলার বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা।

গাংনীতে জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস ২০২৩ উদযাপন

“জন্ম ও মৃত্যু নিবন্ধন করি, নাগরিক অধিকার নিশ্চিত করি’এই স্লোগানে জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে গাংনীতে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার(৬ অক্টোবর) সকালে গাংনী উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা চত্বর থেকে একটি শোভাযাত্রা বের হয়ে শহরের বিভিন্ন রাস্তা প্রদক্ষিন শেষে শোভাযাত্রা টি উপজেলা চত্বরে এসে শেষ হয়।শোভাযাত্রা শেষে উপজেলা সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতুর সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

এসময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন,উপজেলা মৎস্য কর্মকর্তা খন্দকার শহিদুল ইসলাম, মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ সোহেল আহমেদ, তেতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ নাজমুল হক পচু, কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ মিজানুর রহমান রানা, ষোলোটাকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ আনোয়ার হোসেন পাশা, বামুন্দী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ ওবাইদুর রহমান কমল, সাহারবাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ মশিউর রহমান সহ সাংবাদিক ও উপজেলার সকল ইউনিয়ন পরিষদের পরিষদের সচিব,গ্রাম পুলিশ দফাদার সহ আরো অনেকে।

আলোচনা সভায় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস উপলক্ষে বিভিন্ন প্রশ্ন ও উত্তর নিয়ে আলোচনা করা হয়।

আমঝুপিতে বিশ্ব শিক্ষক দিবস পালন

“কাঙ্খিত শিক্ষার জন্য: শিক্ষক স্বল্পতা পূরণ বৈশ্বিক অপরিহার্যতা” এ প্রতিপাদ্যে মেহেরপুরের আমঝুপি আলোচনা সভা ও র্যালীর মধ্যে দিয়ে বিশ্ব শিক্ষক দিবস পালিত হয়েছে।

বৃহস্পতিবার সকালে মউকের হলরুমে গণসাক্ষরতা অভিযানের সহায়তায় মানব উন্নয়ন কেন্দ্র মউক এই অনুষ্ঠানের আয়োজন করে।

কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মোঃ গোলাম কিবরিয়ার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পরিষদের চেয়ারম্যান এডভোকেট আব্দুস সালাম।

বিশেষ অতিথি ছিলেন সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোঃ আতাউর রহমান ও আমঝুপি আলিম মাদ্রাসার অধ্যক্ষ মাওঃ মাহবুব উল আলম।
সভায় স্বাগত বক্তব্য রাখেন মউকের প্রোগ্রাম ম্যানেজার মুরাদ হোসেন, দিবস উপলক্ষে প্রবন্ধ পাঠ করেন প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা।

সভায় বিভিন্ন সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকসহ কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সদস্যগন উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটি উপস্থাপন করেন মুজিবনগর উপজেলার প্রোগ্রাম ম্যানেজার শিরিন আক্তার। এর আগে একটি বর্ণাঢ্য র্যালী আমঝুপির বিভিন্ন সড়ক প্রদক্ষিন করে।

মুজিবনগরে গুডনেইবারর্স এর আয়োজনে বিশ্ব শিক্ষক দিবস পালিত

‘কাঙ্ক্ষিত শিক্ষার জন্য শিক্ষক শিক্ষক স্বল্পতা পূরণ বৈশ্বিক অপরিহার্যতা’ এ প্রতিপাদ্য নিয়ে মুজিবনগরে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর আয়োজনে বিশ্ব শিক্ষক দিবস – ২০২৩ পালিত হয়েছে।

বৃহস্পতিবার বিকেলে দিবসটি উপলক্ষে গুডনেইবারর্স এর হল রুমে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় গুডনেইবারর্স এর সিনিয়র অফিসার (প্রোগ্রাম)এস.এম রিফাত আল মাহমুদ সঞ্চালনায় এবং গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর ম্যানেজার বিভব দেওয়ানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্হিত ছিলেন,মুজিবনগর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোহাম্মদ আলাউদ্দীন।

বিশেষে অতিথি হিসাবে উপস্হিত ছিলেন,মুজিবনগর উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন জাহিদ।উপস্হিত থেকে বক্তব্য রাখেন, গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জহিরুল ইসলাম,আদর্শ মাধ্যমিক বিদ্যালয় শিবপুর এর প্রধান শিক্ষক আব্দুস সালাম।

আলোচনা সভায় বক্তারা,বিশ্ব শিক্ষক দিবস মর্যাদার সাথে উদযাপন করা।শিক্ষক দিবসের উদ্দেশ্য ও তাৎপর্য সম্পর্কে সচেতনতা সৃষ্টি।পেশার গুরুত্ব, মৌলিকতা ও মহানুভবতা, শিক্ষকদের মধ্যে

ইতিবাচক উদ্দীপনা সৃষ্টি করা,দিবস উদযাপনের উদ্দেশ্য ও তাৎপর্য, শিক্ষার উন্নয়নে শিক্ষকদের ভূমিকা, মানুষ তৈরির কারিগর হিসেবে একজন আদর্শ শিক্ষকের বৈশিষ্ট্য এবং প্রযুক্তির ব্যবহার শিক্ষকদের আরো বেশি আধুনিক করতে বিশেষ ভূমিকা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন।বিশ্ব শিক্ষক দিবস উদযাপনের আলোচনা সভায় গুডনেইবারর্স এর ৭ টি পার্টনার স্কুলের শিক্ষকবৃন্দ আংশগ্রহন করেন।

মেহেরপুরের আমঝুপিতে বিদ্যুৎস্পৃষ্টে প্রাণ হারালেন গৃহবধু

মেহেরপুরের আমঝুপি গ্রামের শেখ পাড়ায় নিজ বাড়িতে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে বিলকিস বেগম (৫২) নামের এক গৃহবধুর মর্মান্তিক মৃত্যু হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১১ টার সময় আমঝুপির শেখ পাড়ায় এ দুর্ঘটনা ঘটে। বিলকিস বেগম অবসরপ্রাপ্ত বিজিবি সদস্য মনিরুল ইসলামের স্ত্রী।

পরিবার সূত্রে জানা গেছে, ঘটনার সময় বিলকিস বেগম নিজ বাড়ির ধানের গুদামঘরের দরজা খুলতে যেয়ে বিদ্যুতায়িত হন। বিলকিস বেগম এক পুত্র ও দুই কন্যার জননী। তার এক কন্যা কিছুদিন আগে অসুস্থতাজনিত কারেণ মারা গেছেন।

মেহেরপুর সদর থানার ওসি সাইফুল ইসলাম জানান, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে।

মেহেরপুরে নাশকতা মামলায় কারাগারে বিএনপির ৬ নেতা-কর্মী

নাশকতার মামলায় মেহেরপুরের গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলুসহ ৬ নেতা-কর্মীকে কারাগারে পাঠানোর আদেশ দিয়েছেন আদালত।

গতকাল বুধবার দুপুরে মেহেরপুর জেলা ও দায়রা জজ দালতের বিচারক মো: শহিদুল্লাহ তাদের জামিন না মঞ্জুর করে কারাগারে পাঠানোর আদেশ দেন।

আসামীরা হলেন গাংনী উপজেলা বিএনপি সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলূ, জেলা ওলামা দলের সভাপতি ইনামুল হক, জেলা ছাত্রদলের সাবেক সভাপতি নাজমুল হক, গাংনী পৌর যুবদলের সহ সভাপতি মনিরুজ্জামান মনি, গাংনীর ২নং ওয়ার্ড বিএনপি সভাপতি সুরেলী আলভী ও বিএনপি নেতা বিজয়।

আদালত সূত্রে জানা গেছে, বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ও তার স্ত্রী ডা জুবাইদা রহমানকে একটি মামলায় দণ্ড দেওয়ার প্রতিবাদে গত ২ আগস্ট গাংনীতে একটি বিক্ষোভ মিছিল করে বিএনপি।

আসাদুজ্জামান বাবলুর নেতৃত্বে ওই বিক্ষোভ মিছিল গাংনী শহরের প্রধান সড়ক প্রদিক্ষণ করে। এ মিছিল থেকে নাকশকতা সৃষ্টির অভিযোগে গাংনী থানায় একটি মামলা দায়ের করে পুলিশ। এ মামলায় আসাদুজ্জামান বাবলুকে প্রধান আসামি করে বিএনপির ৮ নেতাকর্মীর নাম উল্লেখ পূর্বক অজ্ঞাত আরও ২৫/৩০ জনকে আসামি করা হয়।

ওই মামলায় উচ্চাদালত থেকে ছয় সপ্তাহের আগাম জামিন পেয়েছিলেন আসামিরা। জামিনের মেয়াদ শেষে বুধবার দুপুরে মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতে উপস্থিত হয়ে জামিন আবেদন করলে আদালত তাদের জামিন নামঞ্জুর করে কারাগারে পাঠানোর আদেশ দেন ।

মামলায় আসামিপক্ষের কৌশলী ছিল অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন ও কামরুল ইসলাম।

প্রতিমন্ত্রীকে কটুক্তি, মেহেরপুর জেলা আওয়ামীলীগের একাংশের বর্ধিত সভা

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেছেন ‘যারা দলের শৃঙ্খলা বিরোধী কাজ করে দলকে ছোট করেছে তাদের বিরুদ্ধে দলের গঠনতন্ত্র অনুযায়ী ব্যবস্থা নেওয়ার সুপারিশ করা হবে। একটি বড় দলে নেতাদের মধ্যে বিভেদ থাকতে পারে, সেটা দলীয় ফোরামে প্রকাশ করার জন্য আওয়ামী লীগের গঠনতন্ত্র অনুযায়ী একটি নির্দিষ্ট নিয়ম আছে। গতকাল যারা সংবাদ সম্মেলন করেছে তারা দল বিরোধী কাজ করেছে উপরন্তু আরও ঘোষণা দিচ্ছে ভবিষ্যতে আবারো করবে। ‘

৪ অক্টোবর বুধবার সন্ধ্যায় মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টার হল রুমে মেহেরপুর জেলা আওয়ামী লীগের ব্যানারে আয়োজিত বিশেষ বর্ধিত সভায় জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন ভার্চুয়ালি যুক্ত হয়ে এ কথা বলেন।

৩ অক্টোবর মঙ্গলবার সন্ধ্যায় জনপ্রশাসন প্রতিমন্ত্রীকে আগামী নির্বাচনে মনোনয়ন না দিতে জেলা আওয়ামী লীগের একাংশ সাংবাদিকদের সাথে মতবিনিময় সভা করে। সেই মত বিনিময় সভায় জনপ্রশাসন প্রতিমন্ত্রীকে নিয়ে কটুক্তির প্রতিবাদে মেহেরপুর জেলা আওয়ামী লীগের অপরাংশের আায়েজনে জেলা আওয়ামী লীগের এই বিশেষ বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের সভাপতিত্বে(ভার্চুয়ালি) বিশেষ বর্ধিত সভায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মেহেরপর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও পিরোজপুর ইউনিয়নের চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস,সাধারণ সম্পাদক এম এ খালেক, যুগ্ম সম্পাদক এডভোকেট ইব্রাহিম শাহিন, সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি বোরহান উদ্দীন আহম্মেদ চুন্নু, সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোমিনুল ইসলাম,মহজনপুর ইউনিয়নের চেয়ারম্যান আমাম হোসেন মিলু,

শ্যামপুর ইউনিয়নের চেয়ারম্যান মতিউর রহমান মতিন,বাগোয়ান ইউনিয়নের চেয়ারম্যান আইয়ুব হোসেন, জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুল সালাম বাঁধন, মুজিবনগর উপজেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদিকা তাসলিমা খাতুন প্রমূখ।

জনপ্রশাসন প্রতিমন্ত্রী তার বক্তব্যে আরও বলেন, ‘যারা দল বিরোধী কর্মকাণ্ড করছেন এবং দলবিরোধী বক্তব্য দিচ্ছেন তাদের সকল বক্তব্য রেকোর্ডেড। এগুলোসহ বিভিন্ন পত্র-পত্রিকায় যে খবর এসেছে সেগুলোও দলের নীতি নির্ধারকদের কাছে পৌঁছে দেয়া হবে। গতকাল সাবেক জেলা পরিষদ চেয়ারম্যান বক্তব্য দিয়েছেন কাউন্সিলে মাত্র একটি ভোট পেয়েছিলেন। জেলা পরিষদ নির্বাচনে দলের বিদ্রোহী প্রার্থী হয়েছেন। আমরা যদি একটু খোঁজ নেই তবে দেখতে পাবো তার শিক্ষা দীক্ষা এবং রাজনৈতিক জ্ঞান কতটুকু। আগামী নির্বাচনে আমরা মেহেরপুরে দুইটি আসন থেকেই নৌকার প্রার্থীকে বিজয়ী করব।

উল্লেখ্য, গত মঙ্গলবার মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও মেহেরপুর জেলা পরিষদের সাবেক প্রশাসক অ্যাডভোকেট মিয়াজান আলীর সভাপতিত্বে ও জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশানের সঞ্চালনায় সাংবাদিকদের সাথে মতবিনিময় সভাতে বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও মুজিবনগর উপজেলা পরিষদের চেয়ারম্যান জিয়াউদ্দিন বিশ্বাস, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল মান্নান, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, জেলা আওয়ামী লীগের শিক্ষা ও মানবসম্পদ বিষয়ক সম্পাদক এবং আওয়ামী লীগের কেন্দ্রীয় প্রচার ও প্রকাশনা উপ কমিটির সদস্য এম এ এস ইমন, যুবলীগের কেন্দ্রীয় কমিটির সদস্য জেমস স্বপন মল্লিক, মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, মুজিবনগর উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান কামরুল হাসান চাদু, সদর উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক ও পৌর কাউন্সিলর আল মামুন, জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি মফিজুর রহমান, সাবেক সাধারণ সম্পাদক জুয়েল রানা, যুবলীগের সদস্য সাজেদুল ইসলাম সাজু প্রমুখ। সে সময় তারা জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনকে আগামী নির্বাচনে মনোনয়ন না দেওয়ার দাবীতে একাট্টা হয়ে প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণে সাংবাদিকদের সাথে মতবিনিময় সভা করেন।